



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর HOCHUL (হোকল) স্টার্লিং ফরেস্ট স্টেট পার্কের জেনিংস ক্রিক দাবানল পুরোপুরি নিয়ন্ত্রণে আনার ঘোষণা করলেন

মাল্টি-এজেন্সি সাড়াদানের ফলে 2008 সালের পর থেকে নিউ ইয়র্ক স্টেটের সবথেকে বড় দাবানলকে 100 ভাগ নিয়ন্ত্রণ করা গেছে

10 নভেম্বর থেকে 427টি ফায়ার কোম্পানি, যাদের প্রায় সবাই ভলান্টিয়ার, সাহায্য করার জন্য 1,300-এর বেশি দমকলকর্মী এবং সরঞ্জাম পাঠিয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 14 দিন পর নিউ ইয়র্কের (New York) বর্ডারের জেনিংস ক্রিক (Jennings Creek)/স্টার্লিং ফরেস্ট স্টেট পার্কের (Sterling Forest State Park) দাবানলকে এখন পুরোপুরি নিয়ন্ত্রণ করা হয়েছে। অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation), ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services), নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), অরেঞ্জ (Orange) কাউন্টি, নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ড (New York Army National Guard), এবং অন্যান্য বহু স্টেট ও স্থানীয় পার্টনার এবং নিউ জার্সি ফরেস্ট ফায়ার সার্ভিস (New Jersey Forest Fire Service), কলোরাডো (Colorado) এবং মন্টানার (Montana) বনভূমির দমকলকর্মীদের সহযোগিতায় স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জাররা ঘটনার সাড়াদানে নেতৃত্ব দিয়েছে। আগামী দিনগুলিতে স্টেট ও স্থানীয় অভিজ্ঞদের আরো ছোট একটি শক্তি এলাকায় সাড়াদানের কাজ চালিয়ে যাবে এবং আগুন নিয়ন্ত্রণের চেষ্টা অগ্রসর হবে।

"দুই সপ্তাহ ধরে, পুরো স্টেটের দমকলের ক্রু ও স্টাফ জেনিংস ক্রিকের দাবানলের লড়াইয়ে সাড়াদান করেছে এবং আজকে আগুন পুরোপুরি নিয়ন্ত্রণ করতে তারা সফল হয়েছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "শুরু থেকেই আমরা একটি সমন্বিত সাড়াদান করেছি যেখানে আমাদের কাছে থাকা সকল রিসোর্স এই মিশন শেষ করতে আমাদের ফার্স্ট রেস্পন্ডারদের সাহায্য করেছে, এবং নিউ জার্সিতে আমাদের পার্টনারদের, এবং কলোরাডো ও মন্টানার ক্রুদের সাথে কাজ করা পেশাদার ও ভলান্টিয়ার ক্রুদের ছাড়া আমরা এটা করতে পারতাম না। তাদের পরিশ্রমের জন্য, তাদের পরিবার থেকে দূরে সময় কাটানোর জন্য এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে প্রতিদিন নিরলসভাবে কাজ করার জন্য আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি।"

সাড়াদানের অংশ হিসেবে গভর্নর আরো স্টেট সম্পদ কাজে লাগিয়েছেন যার মধ্যে আছে আর্মি ন্যাশনাল গার্ডের Black Hawk এবং Chinook হেলিকপ্টার, এবং স্টেট পুলিশের Huey হেলিকপ্টার। একত্রে এই হেলিকপ্টারগুলি এক সপ্তাহে আগুনের উপর 500,000 গ্যালোনের বেশি পানি ফেলেছে। এছাড়াও আগুন নিয়ন্ত্রণের জন্য স্টেট বুলডোজার এবং বুলডোজারের অপারেটর এবং অন্যান্য পেশাদার স্টাফ ও ভলান্টিয়ারকে কাজে লাগিয়েছে। 10 নভেম্বর থেকে 427টি ফায়ার কোম্পানি, যাদের প্রায় সবাই ভলান্টিয়ার, সাহায্য করার জন্য 1,300-এর বেশি দমকলকর্মী এবং সরঞ্জাম পাঠিয়েছে সাড়াদানকারীরা মাটি ও আকাশ থেকে আগুনকে আক্রমণ করেছে। গত দুই দিনের ধারাবাহিক বৃষ্টি ও তুষারপাত অঞ্চলে অতি প্রয়োজনীয় আর্দ্রতা নিয়ে এসেছে, যা মাটির তাপমাত্রা কমাতে এবং আগুন কমাতে একটি কঞ্চল হিসেবে কাজ করেছে।

8 নভেম্বর থেকে এখন পর্যন্ত নিউ ইয়র্ক এবং নিউ জার্সির 5,304 একর পুড়ে গেছে। আগুন 100 ভাগ সামাল দেওয়া গেছে এবং 100 ভাগ নিয়ন্ত্রণে আছে। ফলে স্টেটের ইন্সিডেন্ট ম্যানেজমেন্ট টিম (Incident Management Team) এবং ভলান্টিয়ার ক্রুদের ডিমোবিলাইজ করা হয়েছে। পার্কের ভেতরের গভীর বনের মধ্যে আগুনের কিছু অংশ এখনো থাকতে পারে এবং DEC, পার্কস ফরেস্ট রেঞ্জার এবং মন্টানার যোগ্য ফায়ার ক্রুয়েরা এই সপ্তাহের শেষ পর্যন্ত বৃষ্টি ও তুষারের মধ্যে এলাকার পরিসীমাতে টহল দিবে, এবং আগুন সম্পূর্ণ দমন করার আগ পর্যন্ত প্রয়োজন মতো মপ-আপ অপারেশন চালিয়ে যাবে।

যদিও সাম্প্রতিক বৃষ্টি স্টেটের অনেক অংশের শুকনো অবস্থার উন্নতি করেছে, কিন্তু আগুনের বেশি ঝুঁকির কারণে 30 নভেম্বর পর্যন্ত নিউ ইয়র্কের পুরো স্টেটে বার্ন ব্যান কার্যকর থাকবে। বার্ন ব্যান পুরো স্টেটে ব্রাশ বা রাবিশ পোড়ানোর জন্য ঘরের বাইরে আগুন জ্বালানো, এবং একইসাথে অনিয়ন্ত্রিত ক্যাম্পফায়ার, এবং রান্নার জন্য খোলা আগুন শুরু করা নিষিদ্ধ করে। বাড়ির উঠোনে আগুন জ্বালানোর গর্ত এবং নিয়ন্ত্রিত ক্যাম্পফায়ারে তিন ফুটের উচ্চতা এবং চার ফুটের কম দৈর্ঘ্য, প্রস্থ বা ব্যাসের আগুন সহ ছোট নিয়ন্ত্রিত রান্নার আগুন অনুমোদিত রয়েছে। নিউ ইয়র্ক স্টেটে সারা বছর ময়লা বা পাতা পোড়ানো নিষিদ্ধ এবং অনেক মিউনিসিপ্যালিটি এখন বার্ন ব্যান কার্যকর করে রেখেছে।

Long Meadow Road-এর পূর্বে এবং রুট 17A-এর উত্তরে শনিবার থেকে হাইকিং ও শিকারের জন্য স্টার্লিং ফরেস্ট স্টেট পার্ক খুলে দেওয়া হবে। ফায়ার জোনের ট্রেইলগুলি অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)